



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail: chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/১৩/০১/১৮/ ৯১৬

তারিখঃ ১৯/১২/২০২১

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : নং ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৬২৮

তারিখঃ ১৫/১১/২০২১ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন “মোজাফফর আলী ফকির উচ্চ বিদ্যালয় ও কলেজ” এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্ন লিখিত শাখা ও বিষয়সমূহসহ ০১/০৭/২০২১ তারিখ হতে ৩০/০৬/২০২৪ ইং তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ :

আবশ্যিক : ১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক : ১। পৌরনীতি ও সুশাসন
২। সমাজকর্ম
৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৪। অর্থনীতি

ব্যবসায় শিক্ষা : ১। হিসাব বিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

শর্তসমূহ :

১. অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/ জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে পরিশোধ করতে হবে।
২. কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১০০০০০/= (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
৩. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য ২)

৪. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
৫. প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট পাঠাতে হবে।
৬. কলেজের জন্য নিয়মিত গভর্ণিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্ণিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
৭. উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।
৮. উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্ণিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
৯. কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।

(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বা:

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
"মোজাফফর আলী ফকির উচ্চ বিদ্যালয় ও কলেজ"
EIN: 111698
গৌরীপুর, ময়মনসিংহ।

প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
ফোন : ০৯১- ৫৩৩৩৬ (অ)
ই-মেইল : inscollbisemym@gmail.com

মেমো নং : - মশিবো/ময়মন/কলেজ/১৩/০১/১৮/১১৬
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

তারিখ ০২/১২/২০২১

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. উপজেলা নির্বাহী অফিসার গৌরীপুর, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।

কলেজ পরিদর্শক ০২/১২/২১
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।